দৈনিক সংবাদ

তারিখ ...... পৃষ্ঠা ...... কলাম ......

SEP. 15 2002

# প্রাইম ইউনিভার্সিটির সরকারি অনুমোদন লাভ

৯ই সেপ্টেম্বর ২০০২ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রাইম ইউনিভার্সিটির অনুমোদন প্রদান করেছে। ফল (Fall) সেমিস্টার ২০০২ থেকে বিশ্ববিদ্যালয়টির শিক্ষা কার্যক্রম শুরু হবে। প্রথম পর্যায়ে কম্পিউটার সায়েন্সে দু'টি বিভাগ এবং ব্যবসায় প্রশাসনে তিনটি বিভাগ চালু করা হবে। পরবর্তীতে পর্যায়ক্রমে ইনফরমেশন টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং, বায়োসায়েন্স অ্যান্ড টেকনোলজি, ডেনটিস্টি এবং কলা ও সমাজবিজ্ঞান অনুষদ চালু করা হবে। ঢাকা শহরের এক-তৃতীয়াংশ অধিবাসী অধ্যুষিত মিরপুরের দারুস সালাম প্রধান সড়কের পাশে (২এ/১, দারুস সালাম) অবস্থিত ভবনের বিশাল ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়টির কার্যক্রম পরিচালিত হবে। উন্নত শিক্ষা কার্যক্রম পরিচালনার মাধ্যমে যুগের চাহিদা মেটাতে সক্ষম মানবসম্পদ সৃষ্টির প্রত্যাশা নিয়ে প্রাইম ইউনিভার্সিটির কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সংবাদ বিজ্ঞপ্তি।